

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৩০

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

আরবী

عَنْ عَمْرِو

بن الشَّرِيدِ عَنْ أَبِيهِ قَالَ: مَرَّ بِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا جَالِسٌ هَكَذَا وَقَدْ وَضَعْتُ يَدِي الْيُسْرَى خَلْفَ ظَهْرِي وَأَتَكَّأْتُ عَلَى أَلْيَةِ يَدِي. قَالَ: «أَتَقْعُدُ قَعْدَةَ الْمَغْضُوبِ عَلَيْهِمْ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৪৭৩০-[২৪] 'আমর ইবনু শারীদ (রহিমাল্লাহ) তাঁর পিতা হতে বর্ণনা করেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট দিয়ে গমন করলেন। তখন আমি এভাবে বসেছিলাম যে, আমার বাম হাত আমার পিঠের উপর ছিল এবং ডান হাতের বৃদ্ধাঙ্গুলির গোড়ার মাংসের উপরে আমি ভর করেছিলাম। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে এ অবস্থায় দেখে বললেনঃ তুমি কি এমনভাবে বসছ যেভাবে আল্লাহর অভিশপ্ত ব্যক্তির বসে? (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ৪৮৪৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ৪২১৮, আহমাদ ১৯৪৫৪, সহীহ ইবনু হিব্বান ৫৬৭৪, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬১৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আলোচ্য হাদীসের মাধ্যমে প্রমাণিত হয় যে, এক হাতকে পিছনে রেখে অপর হাতের উপর ভর করে বসা অপছন্দনীয়। তেমনিভাবে উভয় হাত পিছনে রেখে তার উপর ভর করে বসাও অপছন্দ। কেননা এভাবে অহংকারীরা বসে। 'আল্লামা ত্বীবী (রহিমাল্লাহ) বলেছেনঃ হাদীসে (الْمَغْضُوبِ عَلَيْهِمْ) দ্বারা ইয়াহুদীদেরকে বুঝানো হয়েছে। এ সম্পর্কে হাদীস বর্ণিত রয়েছে। 'আদী ইবনু হাতিম বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ইয়াহুদীরা অভিশপ্ত নাসারাগণ পথভ্রষ্ট। (তিরমিযী হাঃ ২৯৫৪)

ইয়াহুদীদের কথা উল্লেখ করার জন্য দু'টি হিকমাত রয়েছে। যথা :

ক. আল্লাহ তা'আলা যেমনিভাবে ইয়াহুদীদের অবাধ্যতার কারণে তাদের ওপর অসন্তুষ্ট তেমনিভাবে উল্লেখিত নিয়মে বসার প্রতিও অসন্তুষ্ট। খ. এটার মাধ্যমে এ কথার প্রতি ইঙ্গিত করা হয়েছে যে, মুসলিম জাতি এমন এক জাতি যাদের প্রতি আল্লাহ তা'আলা অসংখ্য নি'আমাত নাযিল করেছেন। সুতরাং তাদের পক্ষ এমন এক জাতির অনুকরণ করা উচিত নয় যাদের ওপর আল্লাহর অভিসম্পাত বর্ষিত হয়েছে। আর মুসলিমগণের উচিত এভাবে বসা থেকে বিরত থাকা। কেননা আল্লাহ তা'আলা মুসলিমদের প্রতি অনুগ্রহ করেছেন এবং ইয়াহুদীদের অনুকরণ করা হতে নিষেধ করেছেন। তাদের অনুসরণ করলে তাদের মতো গজব নাযিল হবে মুসলিমদের প্রতি। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আমর ইবনু শারীদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75454>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন